

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
বাজিতপুর, কিশোরগঞ্জ

নোটিশ

নং-৩৭৩ তারিখঃ-২৬/১০/২০২৩ খ্রি.

বিষয়: ২০২৩-২৪ অর্থ বছরে উন্নয়ন সহায়তায় (ভর্তুকী মূল্যে) কৃষি যন্ত্র ক্রয়ে আগ্রহী কৃষকগণের নিকট হতে যন্ত্র ভিত্তিক আবেদন প্রসঙ্গে।

সূত্র: "সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ" প্রকল্প কার্যালয়ের স্মারক নং-১৪০২(৫৭২), তারিখ: ২৫/১০/২০২৩ খ্রি।

বর্ণিত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আওতাধীন "সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ" প্রকল্পের আওতায় ২০২৩-২৪ অর্থ বছরে উন্নয়ন সহায়তায় (ভর্তুকী মূল্যে) কৃষি যন্ত্র ক্রয়ে আগ্রহী বাজিতপুর উপজেলাধীন প্রকৃত কৃষকগণের নিকট হতে নিম্নে উল্লেখিত কৃষি যন্ত্র ক্রয়ের জন্য ১৯/১১/২০২৩ খ্রি. তারিখের মধ্যে উপজেলা কৃষি অফিসার, বাজিতপুর, কিশোরগঞ্জ বরাবর আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

যেসব যন্ত্র ক্রয় করা যাবে :

- ১। কম্বাইন হারভেস্টার (ধান, গম, ভুট্টা)
- ২। রাইস ট্রান্সপ্লান্টার (ওয়াকিং ও রাইডিং)
- ৩। রিপার
- ৪। রিপার বাইন্ডার


আবেদনের জন্য প্রয়োজনীয় কাগজপত্র :

- ১। আবেদন ফরম- ১ কপি
- ২। কৃষি কার্ড এর ফটোকপি- ১টি
- ৩। জাতীয় পরিচয়পত্রের ফটোকপি- ১টি
- ৪। পাসপোর্ট সাইজ ছবি- ২টি

আবেদন জমা দেওয়ার স্থান ও সময় : উপজেলা কৃষি অফিস, বাজিতপুর, সময়: সকাল ৯ ঘটিকা থেকে বিকাল ৪ ঘটিকা, সরকারী ছুটির দিন ব্যতিত।

বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ : সংশ্লিষ্ট উপ-সহকারী কৃষি অফিসার অথবা উপজেলা কৃষি অফিস, বাজিতপুর।

উল্লেখ্য যে, পিরিজপুর, সরারচর, হালিমপুর, গাজিরচর ও দিলালপুর ইউনিয়ন এবং বাজিতপুর পৌরসভার কৃষকগণ যন্ত্র ক্রয়ে ৫০% ভর্তুকির আওতাভুক্ত হবে এবং হিলচিয়া, কৈলাগ, বলিয়াদী, দিঘীরপাড়, মাইজচর ও হুমাইপুর ইউনিয়নের কৃষকগণ যন্ত্র ক্রয়ে ৭০% ভর্তুকির আওতাভুক্ত হবে।


(আশরাফুল আলিম)

উপজেলা কৃষি অফিসার
বাজিতপুর, কিশোরগঞ্জ

মোবাইল: ০১৭০০-৭১৫৭৫৬

ইমেইল- uaobajitpur21@gmail.com